NEW YORK STATE | Department of Environmental Conservation

মে 2016

তথ্যপত্র

ব্রাউনফিল্ড দূষণমুক্তকরণ কর্মসূচি

সাইট বিষয়ক তথ্যপত্র নিন *ইমেইল*-এর মাধ্যমে। কিভাবে তা জানতে "বিস্তারিত তথ্যের জন্য" অংশটি দেখুন।

সাইটের নাম: 31/32 LIC LLC
DEC সাইট #: C241182
ঠিকানা: 37-29 31st Street
Long Island City, NY 11101

কোন প্রশ্ন আছে কি?
তাহলে নিচে
"যার সঙ্গে যোগাযোগ করতে হবে"
অংশটি দেখুন।

ব্রাউনফিল্ড সাইটের জন্য খসড়া তদন্ত কর্মপরিকল্পনা জনমত সংগ্রহের জন্য উন্মুক্ত

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব এনভাইরনমেন্টাল কনসারভেশন অর্থাৎ নিউ ইয়র্ক অঙ্গরাজ্য পরিবেশ সংরক্ষণ মন্ত্রণালয় (NYSDEC) -এর পর্যালোচনাধীন একটি খসড়া কর্মপরিকল্পনার ব্যাপারে জনসাধারণের কাছ থেকে মতামত আহ্বান করা হচ্ছে। এই খসড়া কর্মপরিকল্পনার লক্ষ্য হল 37-29 31st Street, Long Island City, NY ঠিকানায় অবস্থিত একটি সাইট, 31/32 LIC LLC (পরবর্তীতে "সাইট" হিসেবে অভিহিত) সম্পর্কে বিভিন্ন বিষয় তদন্ত করা। সাইটটির অবস্থান জানতে মানচিত্র দেখুন। সাইটটির দূষণমুক্তকরণের সঙ্গে সম্পর্কযুক্ত বিভিন্ন দলিলপত্র পাওয়া যাবে নিচে "যেখানে তথ্যাদি পেতে পারেন" অংশে উল্লেখ করা স্থানসমূহে।

খসড়া তদন্ত কর্মপরিকল্পনা

খসড়া তদন্ত কর্মপরিকল্পনা, যা "প্রতিকারমূলক তদন্ত কর্মপরিকল্পনা" নামে অভিহিত, সেটি NYSDEC -এ দাখিল করা হয় নিউ ইয়র্কের ব্রাউনফিল্ড দূষণমুক্তকরণ কর্মসূচির আওতায়। তদন্ত কাজ পরিচালনা করবে 31/32 LIC LLC ("আবেদনকারী(গণ)") এবং এর তত্ত্বাবধানে থাকবে NYSDEC এবং নিউ ইয়র্ক অঙ্গরাজ্য স্বাস্থ্য মন্ত্রণালয় (NYSDOH).

যেভাবে মতামত জানাবেন

NYSDEC খসড়া তদন্ত কর্মপরিকল্পনা সম্পর্কে লিখিত মতামত গ্রহণ করবে 30 দিন ব্যাপী, যা মে **11, 2016** তারিখে শুরু হয়ে জুন **10, 2016** তারিখ পর্যন্ত চলবে। পর্যালোচনার জন্য প্রস্তাবিত পরিকল্পনাটি পাওয়া যাবে নিচে "যেখানে তথ্যাদি পেতে পারেন" অংশে উল্লেখ করা স্থানে (বা স্থানসমূহে)। অনুগ্রহ করে নিচে "যার সঙ্গে যোগাযোগ করতে হবে" অংশে থাকা প্রকল্প-সংক্রান্ত প্রশ্ন শিরোনামে উল্লেখ করা NYSDEC প্রকল্প ব্যবস্থাপক বরাবর আপনার মতামত জমা দিন।

প্রস্তাবিত সাইট তদন্ত কাজের উল্লেখযোগ্য দিকসমূহ

এই তদন্ত কাজের মধ্য দিয়ে নির্ণিত হবে সাইটের জমিতে, জলাভূমির পানিতে, ভূ-গর্ভস্থ পানিতে, এবং পরিবেশের সম্ভাব্য ক্ষতিগ্রস্ত যে কোন অংশে দূষণের প্রকৃতি এবং মাত্রা।

এই প্রতিকারমূলক তদন্তের বেশ কতগুলো লক্ষ্য রয়েছে:

1) মাটিতে, ভূ-গর্ভস্থ পানিতে, মাটির জলীয় বাষ্পে এবং সম্ভাব্য ক্ষতিগ্রস্ত অন্য কোন মাধ্যমে দূষণের প্রকৃতি এবং মাত্রা নির্ধারণ;
2) দূষণের উৎস(সমূহ) চিহ্নিতকরণ;
3) জনস্বাস্থ্য এবং/অথবা পরিবেশের উপর দূষণের প্রভাব নিরূপণ; এবং
4) দূষণ দূরীকরণে একটি প্রতিকারমূলক কর্মপরিকল্পনা প্রণয়নে সহায়তার জন্য তথ্য সরবরাহ।

এই তদন্ত কাজ পরিচালনা করবেন CA Rich -এর পরিবেশ বিশেষজ্ঞগণ এবং এ কাজের তত্ত্বাবধানে থাকবে NYSDEC এবং NYSDOH.

ইতোপূর্বে সম্পন্ন কাজের মধ্য দিয়ে মাটি, ভূ-গর্ভস্থ পানি, এবং মাটির জলীয় বাষ্পে দূষণ চিহ্নিত হয়েছে। সাইটের স্থানে মাটির নমুনায় পাওয়া উদ্বায়ী জৈব যৌগসমূহ (VOCs), অর্ধ-উদ্বায়ী জৈব যৌগসমূহ (SVOCs), এবং ধাতব পদার্থের পরিমাণ পরিবেশসম্মত মাত্রাকে অতিক্রম করে গেছে। ভূ-গর্ভস্থ পানির নমুনায় পাওয়া VOCs এবং SVOCs পরিবেশসম্মত মাত্রা ছাড়িয়ে গেছে, আর মাটির জলীয় বাষ্পে VOCs -এর মাত্রা পরিবেশসম্মত মান অতিক্রম করে গেছে।

প্রতিকারমূলক তদন্তের অন্তর্ভুক্ত থাকবে, সাইটে অবশিষ্ট থেকে যাওয়া সম্ভাব্য ক্ষতিকর দূষণ নিরূপণের লক্ষ্যে মাটি, ভূ-গর্ভস্থ পানি এবং মাটির জলীয় বাষ্পের বাড়তি নমুনা পরীক্ষা। এই তদন্ত কাজের মাধ্যমে সাইটে দূষণের প্রকৃতি এবং মাত্রাও নিরূপণ করা হবে। যেসব প্রতিকারমূলক তদন্ত সম্পন্ন করা হবে তার সারসংক্ষেপ নিম্নরূপ।

- মাটির নমুনা পরীক্ষা
- ভূ-গর্ভস্থ পানির নমুনা পরীক্ষা
- মাটির গ্যাস পরীক্ষা

উপর্যুক্ত কাজের অন্তর্ভুক্ত থাকবে সাইটে থাকা স্থাবর সম্পত্তি এবং সাইটের বাইরে সম্ভাব্য প্রভাবসহ দূষণ পরিস্থিতি মূল্যায়ন।

পরবর্তী ধাপসমূহ

NYSDEC জনমত বিবেচনা করবে, প্রয়োজনমত পরিকল্পনা সংশোধন করবে, এবং এই কর্মপরিকল্পনা অনুমোদন করবে। অনুমোদিত কর্মপরিকল্পনা জনসমক্ষে প্রকাশ করা হবে (নিচে "যেখানে তথ্য পেতে পারেন" অংশটি দেখুন)। কর্মপরিকল্পনা অনুমোদিত হওয়ার পর এতে বিবৃত থাকা কর্মকাণ্ড বাস্তবায়ন করা হবে।

তদন্ত সম্পন্ন হয়ে গেলে প্রাপ্ত ফলাফলের সারসংক্ষেপ তুলে ধরে একটি প্রতিবেদন তৈরি করা হবে এবং তা NYSDEC বরাবর জমা দেওয়া হবে। NYSDEC তখন সেই প্রতিবেদন পর্যালোচনা করবে, এবং যথাযথ প্রতীয়ান হলে প্রয়োজনমত সংশোধন করবে, এবং তারপর প্রতিবেদনটি অনুমোদন করবে।

তদন্তের পরে "প্রতিকারমূলক কর্মপরিকল্পনা" নামে অভিহিত একটি দূষণমুক্তকরণ পরিকল্পনা প্রণয়ন করা হবে, এবং একটি সিদ্ধান্ত দলিল প্রস্তাব করা হবে। দূষণমুক্তকরণ পরিকল্পনায় অন্তর্ভুক্ত থাকবে সাইটের প্রস্তাবিত প্রতিকার ব্যবস্থার মূল্যায়ন, অথবা এতে একটি, কোন পদক্ষেপ গ্রহণ নয়, কিংবা আর অতিরিক্ত কোন পদক্ষেপ গ্রহণ নয়, এমন বিকল্প সুপারিশ করা হবে। দূষণমুক্তকরণ পরিকল্পনার লক্ষ্য হল জনস্বাস্থ্য এবং পরিবেশ সুরক্ষা নিশ্চিত করা। প্রস্তাবিত দূষণমুক্তকরণ পরিকল্পনাটি NYSDEC জনসাধারণের পর্যালোচনা এবং তাদের মতামত সংগ্রহের লক্ষ্যে 45-দিন মেয়াদে উন্মুক্ত রাখবে। সাইটের তদন্ত কাজ এবং দূষণমুক্তকরণ প্রক্রিয়ার পুরোটা সময়জুড়ে NYSDEC জনসাধারণকে অবহিত রাখবে।

পটভূমি

অবস্থান - 31/32 LIC LLC সাইটটি হল 0.40-একর মাপের একটি স্থান যার অবস্থান বাণিজ্যিক ও আবাসিক ভবন মিশ্রভাবে ব্যবহার করা ভালভাবে বিকশিত একটি এলাকায়। সাইটটির ঠিকানা হচ্ছে 37-29 31st Street, Long Island City NY, 11101(সাবেক 37-26 32nd Street এবং 37-27 31st Street). সাইটের দুপাশে সম্মুখভাগে রয়েছে 31st Street এবং 32 Street রাস্তাদ্বয় এবং এটি 37th এবং 38th Avenue-এর মাঝে অবস্থিত। সম্পত্তিটির 31st Street-এর দিকে মুখ করা পাশ বরাবর এলিভেটেড সাবওয়ে ট্র্যাক (N এবং Q লাইন) অবস্থিত।

সাইটের বৈশিষ্টসমূহ - বর্তমানে এই সাইটে আছে দুটি একতলা ভবন। সম্পত্তিটিতে কোন খোলা জায়গা নেই কারণ ভবনগুলো ট্যাক্স লটের পুরোটা জুড়েই অবস্থান করছে। একটি ভবন 31st Street -এর মুখোমুখি এবং অপরটি 32nd Street -এর দিকে মুখ করে দাঁড়িয়ে আছে। দুটি ভবনের কাঠামোই স্ল্যাব-অন-গ্রেড পদ্ধতিতে তৈরি, যাতে আংশিকভাবে ক্ষুদ্র ভূ-গর্ভস্থ প্রকোষ্ঠ রয়েছে।

বর্তমান স্থান বিন্যাস এবং ভূমির ব্যবহার – সাইটে ভাড়া দেওয়ার মত তিনটি স্থান রয়েছে। এগুলোর মধ্যে দুটি স্থান খালি এবং অপরটিতে, যেটি 31st Street বরাবর উত্তর-পূর্ব দিকে অবস্থিত, সেটিতে মোটর গাড়ির কাঠামো নির্মাণের একটি দোকান রয়েছে। স্থানবিন্যাসের নির্ধারিত প্রকৃতি হচ্ছে M1-2/R6A যার আওতায় হাল্কা উৎপাদন শিল্প এবং আবাসিক ব্যবহার অন্তর্ভুক্ত। সাইটের প্রস্তাবিত ব্যবহার এই সম্পত্তির বিদ্যমান স্থানবিন্যাসের সঙ্গে সঙ্গতিপূর্ণ।

সাইটের ভূতপূর্ব ব্যবহার – এই সাইট এবং আশপাশের অন্যান্য সম্পত্তি প্রায় 1915 সাল পর্যন্ত বিকশিত ছিল না, যখন থেকে আরম্ভ করে 1936 সাল পর্যন্ত সাইটের উত্তর-পূর্ব প্রান্ত হতে দক্ষিণ-পশ্চিম প্রান্ত পর্যন্ত বিস্তার 3rd Avenue লাভ করে। 1936 সাল থেকে এই সম্পত্তিটি বহুবিধ ভাড়ার কাজে ব্যবহৃত হয়েছে, যাদের মধ্যে ছিল: একটি দেয়াশলাই কাঠি তৈরির কারখানা (1936); ব্যবহৃত কাঠের পাটাতন তৈরির কারখানা, যন্ত্রপাতি তৈরি এবং আবরণ দেওয়ার কারখানা (1947-1950); আলোকসজ্জার উপকরণের কারখানা (1953); ঝালাই যন্ত্রপাতির গুদামঘর (1970-1979); ফুড কার্ট উৎপাদনকারী, শীতলক স্থাপনা, আর ধাতব পণ্যের দোকান (1977- 2015); এবং মোটরগাড়ির বডি তৈরির একটি স্থাপনা (1980 –বর্তমান পর্যন্ত)।

সাইটের ভূতত্ত্ব এবং জলীয় ভূতত্ত্ব - এই সম্পত্তির ভূ-গর্ভস্থ গঠন হল ইতিহাসের চতুর্থ পর্যায়ে জমাট বাঁধা বরফ এবং পাললিক উপাদানসমৃদ্ধ, যার নিচে রয়েছে Harrison Gneiss নামক শিলাস্তর। ভিত্তিমূলের তিন ফুট নিচে বিস্তৃত আছে মধ্যম দানার বালি ও মাটি। তিন থেকে 23 ফুট নিচে পর্যন্ত আছে মধ্যম দানার বালি। সাইটটি তুলনামূলকভাবে সমতল এবং এতে কোন প্রাকৃতিক অথবা কৃত্রিম জলাভূমি বা আবদ্ধ স্থান নেই।

ভূ-গর্ভস্থ পানির অগভীর স্তরের গভীরতা ভিত্তিমূলের চেয়ে 22 থেকে 23 ফুট নিচে। ভূ-গর্ভস্থ অগভীর জল সাইটের নিচ দিয়ে প্রবাহিত হয়ে দক্ষিণ-পশ্চিম দিকে East River এবং Dutch Kills বরাবর চলে গেছে। কুইন্স-এর এই এলাকার ভূ-গর্ভস্থ পানি সরবরাহের কাজে ব্যবহার করা হয় না। বাসিন্দাদের ব্যবহার্য পানি নিউ ইয়র্ক নগর কর্তৃপক্ষ সরবরাহ করে থাকে।

সাইট সম্পর্কিত আরো খুঁটিনাটি তথ্য, সেই সঙ্গে পরিবেশগত ও স্বাস্থ্যগত মূল্যায়নের সারসংক্ষেপ পাওয়া যাবে NYSDEC-এর ওয়েবসাইটে, যার ঠিকানা:
http://www.dec.ny.gov/cfmx/extapps/derexternal/haz/details.cfm?pageid=3&progno=C241182

ব্রাউনফিল্ড দূষণমুক্তকরণ কর্মসূচি: নিউ ইয়র্কের ব্রাউনফিল্ড দূষণমুক্তকরণ কর্মসূচি (BCP) "ব্রাউনফিল্ড" নামক দূষিত স্থাবর সম্পত্তির স্বেচ্ছাভিত্তিক দূষণমুক্তকরণকে উৎসাহিত করে, যাতে করে সেগুলো পুনর্ব্যবহার এবং পুনর্নির্মাণ করা যায়। এ ধরণের ব্যবহারের আওতায় থাকতে পারে বিনোদন, গৃহায়ন, বাণিজ্যিক অথবা অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার।

ব্রাউনফিল্ড হচ্ছে এমন কোন স্থাবর সম্পত্তি যেখানে দূষণের উপস্থিতি বা সম্ভাব্য উপস্থিতির কারণে সেগুলো পুনর্ব্যবহার অথবা পুনর্নির্মাণ করা কঠিন।

বিস্তারিত তথ্যের জন্য

যেখানে তথ্যাদি পেতে পারেন
জনসাধারণকে অবগত রাখার লক্ষ্যে প্রকল্প সংক্রান্ত দলিল-পত্রাদি নিম্নোক্ত স্থানে (বা স্থানসমূহে) পাওয়া যায়।

কুইন্স লাইব্রেরি - অ্যাস্টোরিয়া শাখা
14-01 Astoria Blvd.
Astoria, NY 11102
ফোন: (718) 278-2220

কুইন্স কমিউনিটি বোর্ড 1
45-02 DitmarsBlvd
LL Suite 1025
Astoria, NY 11105
ফোন: (718) 626-1021

যার সঙ্গে যোগাযোগ করতে হবে
আপনাদের মতামত ও প্রশ্নকে আমরা সর্বদা স্বাগত জানাই, যা আপনারা পাঠাতে পারেন নিচের ঠিকানায়:

প্রকল্প-সংক্রান্ত প্রশ্ন
Caroline Eigenbrodt
NYS Department of Environmental Conservation
Division of Environmental Remediation
625 Broadway
Albany, NY 12233-7016
ফোন: 518-402-9767
ইমেইল: caroline.eigenbrodt@dec.ny.gov

সাইট-সংক্রান্ত স্বাস্থ্য বিষয়ক প্রশ্ন
Kiran Mall
New York State Department of Health
Empire State Plaza Corning Tower Room 1787
Albany, NY 12237
ফোন: (518) 402-7860
ইমেইল: BEEI@health.ny.gov

এই তথ্যপত্র আপনার প্রতিবেশী এবং ভাড়াটেদের সঙ্গে শেয়ার করতে, এবং/অথবা আপনার ভবনে অন্যদের দৃষ্টিগোচর হয় এমন কোন গুরুত্বপূর্ণ স্থানে এটি টানিয়ে দিতে আপনাকে আমরা উৎসাহিত করি।

সাইটের তথ্যপত্র নিন ইমেইলে

এই তথ্যপত্রের মত সাইট বিষয়ক যাবতীয় তথ্য পেয়ে যান সরাসরি আপনার ইমেইলের ইনবক্সে। NYSDEC দূষিত সাইট থাকা এক বা একাধিক কাউন্টির ইমেইল বিলি তালিকায় নিবন্ধিত হওয়ার জন্য আপনাকে আমন্ত্রণ জানাচ্ছে, যা আপনি করতে পারেন নিম্নোক্ত ওয়েব পেইজে: http://www.dec.ny.gov/chemical/61092.html. এটি করা যায় দ্রুত, এবং বিনামূল্যে, আর এটি আপনাকে রাখবে *আরো ভালোভাবে অবগত।*

ইমেইল বিলি তালিকায় নিবন্ধিত সদস্য হিসেবে আপনি নিয়মিত পেতে থাকবেন আপনার নির্বাচিত কাউন্টির (বা কাউন্টিসমূহের) সকল দূষিত সাইট সম্পর্কিত তথ্য/ঘোষণা।

জ্ঞাতব্য: আপনি ইতোমধ্যে নিবন্ধিত হয়ে এই তথ্যপত্র ইলেক্ট্রনিক উপায়ে পেয়ে থাকলে অনুগ্রহ করে এই অংশটি অগ্রাহ্য করুন।

সাইটের অবস্থান নির্দেশক মানচিত্র